ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

চাষাড়া শাখা, নারায়নগঞ্জ

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাষাড়া শাখা, নারায়নগঞ্জ এর ঋণগ্রহীতা মেসার্স আফপান এন্টারপ্রাইজ, প্রোপাইটরঃ মোঃ আবদুল্লা হোসেন, পিতা-মোঃ মোফাজ্জল হোসেন, মাতা-ওয়াসিমা পারভীন, অফিসের ঠিকানাঃ-২/২, ভাষা সৈনিক আজগর হোসেন ভূইয়া রোড, নারায়ণগঞ্জ, আবাসিক ঠিকানা-১১০ (নতুন), ১৫৫ (পুরাতন), লতিফ সরদার ম্যানশন (২য় তলা), খানপুর মেইন রোড, নারায়ণগঞ্জ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে ঋণগ্রহীতার মাতা মিসেস ওয়াসিমা পারভীন তাহার মালিকানাধীন নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৯.০৯.২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ২,০৬,৫৯,৭৭১.২৫ (দুই কোটি ছয় লক্ষ উনষাট হাজার সাত শত একাত্তর দশমিক দুই পাঁচ) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১। জেলা-নারায়ণগঞ্জ, থানা-সিদ্দিরগঞ্জ, সাব রেজিষ্টার অফিস-নারায়ণগঞ্জ সদর, জে.এল নং- সি.এস- ২২০, এস.এ- ১৬, আর.এস- ০৬, মৌজা-জালকুড়ি, সি.এস. খতিয়ান নং- ৮৮, এস. এ. খতিয়ান নং-২০৩, আর এস খতিয়ান নং- ৪৯৭, নামজারী খতিয়ান নং-১৮০৮৯, জোত নং-১৮০৮৮, সি.এস ও এস. এ. দাগ নং-১৭৩৭, আর. এস. দাগ নং-৩৬৫৪, জমির পরিমান- ৫.১৬ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে- মুন্সী মোফাজ্জল হোসেন (নয়ণ), দক্ষিণে-মোঃ জাকির হোসেন, পূর্বে- মোঃ মোক্তার হোসেন, পশ্চিমে-আম্বর আলী।

২। জেলা-নারায়ণগঞ্জ, থানা-সিদ্দিরগঞ্জ, সাব রেজিষ্টার অফিস-নারায়ণগঞ্জ সদর, জে.এল নং- সি.এস- ২২০, এস.এ- ১৬, আর.এস- ০৬, মৌজা-জালকুড়ি, সি.এস. খতিয়ান নং-৩৬, এস. এ. খতিয়ান নং-৮৪, আর এস খতিয়ান নং-১০০৬, নামজারী খতিয়ান নং-১৮০৯১, জোত নং-১৮০৯০, সি.এস ও এস. এ. দাগ নং-১৭৩৩, আর. এস. দাগ নং-৩৬৬১, জমির পরিমান- ৯.৫০ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে- আব্দুল আজিজ, দক্ষিণে-মকবুল হোসেন, পূর্বে- মফিজ উদ্দিন, পশ্চিমে-রাস্তা।

৩। জেলা- নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিষ্টার অফিস-নারায়ণগঞ্জ সদর, জে.এল নং- সি.এস- ১৯৪, এস.এ- ৪০, আর.এস- ০৪, মৌজা- খানপুর "ম"খন্ড, সি.এস. খতিয়ান নং-১০৪, এস. এ. খতিয়ান নং-৫৬১/৯৫১, ২৫২, আর এস খতিয়ান নং-৩৬৩, ২৭৮, বি.আর.এস. খতিয়ান নং-২৫৪৬, নামজারী খতিয়ান নং-২২৬৯, জোত নং-২২৬৮, সি.এস দাগ নং-৩১৭, এস. এ. দাগ নং-৪২১, ৪২২, আর. এস. দাগ নং-১৭৩৫, $\frac{১৭৩৫}{১৮০২}$, বি.আর.এস. দাগ নং- ২৩৪০, জমির পরিমান- ৪.৭৮ শতাংশ এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে- রাস্তা, দক্ষিণে-তারিক আব্দুল্লাহ, পূর্বে-ওয়াসিমা পারভীন, পশ্চিমে-রাস্তা।

নিলামের শর্তাবলী

(১) আগামী ১৫/০২/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাষাড়া শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাষাড়া শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে

(৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

(৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাষাড়া শাখা, নারায়নগঞ্জ